

ক্যাম্বেলটাউন সিটি কাউন্সিল নির্বাচনে বাংলাদেশী বংশোদ্ভূত মাসুদ চৌধুরী মনোনয়ন পেয়েছেন

আতিকুর রহমান॥ আগামী ১০ সেপ্টেম্বর ক্যাম্বেলটাউন সিটি কাউন্সিলের নির্বাচন অনুষ্ঠিত হবে। বর্তমানে সিডনীর অধিকাংশ বাংলাদেশী বৃহত্তর ক্যাম্বেলটাউন এলাকায় বসবাস করেন। কমিউনিটির উন্নয়নে এবার আসন্ন সিটি কাউন্সিল নির্বাচনে বাংলাদেশী বংশোদ্ভূত একজন কাউন্সিলর সকলেই প্রত্যাশা করছিল। অস্ট্রেলিয়ার অন্যতম বৃহত্তম রাজনৈতিক দল লেবার পার্টি বাংলাদেশী কমিউনিটির সে প্রত্যাশার পূরণে প্রথমবারের মত ক্যাম্বেলটাউন সিটি কাউন্সিল নির্বাচনে কাউন্সিলর হিসেবে মনোনয়ন দিয়েছেন বাংলাদেশী বংশোদ্ভূত জনাব মাসুদ চৌধুরীকে। মাসুদ চৌধুরী দীর্ঘদিন যাবত এ দলের সাথে সংযুক্ত হয়ে কমিউনিটির বিভিন্ন ধরনের উন্নয়নমূলক কর্ম সম্পাদন করে আসছে। উল্লেখ্য, কমিউনিটির অতি পরিচিত মুখ মাসুদ চৌধুরী বর্তমানে ক্যাম্বেলটাউন বাংলা স্কুলের সভাপতি, লেবার পার্টি ইঙ্গেলবার্ন-ম্যাকুয়ারী ফিল্ডস শাখার সভাপতি, দি থান্জ পাবলিক স্কুল ম্যানেজমেন্ট কমিটি কাউন্সিলের সভাপতি এবং রেজিস্টার্ড সার্পোর্ট পারসন অব নিউ সাউথ ওয়ালস পুলিশ এর দায়িত্ব পালন করছেন। সিটিজেন অব দ্যা ইয়ার অব ক্যান্টাবরী এলজিএ, ভলেন্টারি অব দ্যা ইয়ার অব ম্যাকার্থার, অস্ট্রেলিয়ান অব দ্যা ইয়ার নমিনেটেড এবং সিটিজেন অব দ্যা ইয়ার অব ক্যাম্বেলটাউন এলজিএ পুরস্কার লাভ করেন। গত ক্যাম্বেলটাউন সিটি কাউন্সিল নির্বাচনে স্বতন্ত্র প্রার্থী হিসেবে বাংলাদেশী বংশোদ্ভূত আবুল সরকার অল্প ভোটারের জন্য কাউন্সিলর হতে পারেননি। এ এলাকায় ক্রমবর্ধমান বাংলাদেশীদের সংখ্যা বৃদ্ধির ফলে ভোটারের সংখ্যাও বৃদ্ধি পেয়েছে। এ অঞ্চলের বাংলাদেশী ভোটারদের আবার যে সিদ্ধান্ত নেয়ার সুযোগ এসেছে তা সকলে ঐক্যবদ্ধভাবে সঠিক সিদ্ধান্ত নিলে মাসুদ চৌধুরী জয়লাভের মধ্য দিয়ে বাংলাদেশের মুখ উজ্জ্বল করবে নিঃসন্দেহে।